

কোভিড-১৯

-সুকান্ত দাস

আমরা বাস করি একবিংশ শতাব্দীতে
তাইতো মনে হয়েছিল,
বিজ্ঞান হয়তো সবকিছুকে রুখে দিতে পারে।
কিন্তু না !
করোনা যখনা দিয়েছিল হানা;
তখন বিশ্বাস হয়েছিল
বিজ্ঞানের এখনো অনেক কিছু অজানা

করোনা যখন চীনে দিয়েছিল হানা
সমগ্র বিশ্ব তখন মনে করেছিল, তা আমাদের হবে না
আমেরিকাও পড়ল যখন এর কবলে
ইতালি ও স্পেন চলছিল মৃত্যু মিছিলে,
ভারতবর্ষ তখনও ছিল করোনা মুক্ত
তখন আমরা মানিনি সামাজিক দূরত্ব
তাইতো আজ আমরা আক্রান্তে দ্বিতীয়
খুব দেরী নয় হয়তো মৃত্যুতেও হব অদ্বিতীয়।

এইজন্য এখন সবাই তাকিয়ে আছে বিজ্ঞানের দিকে
রাশিয়া নাকি ইংল্যান্ড বাঁচাবে মানবজাতিকে।

